



নির্বাচন অগ্রাধিকার
অতীব জরুরি

বাংলাদেশ নির্বাচন কমিশন
নির্বাচন কমিশন সচিবালয়

নং-১৭.০০.০০০০.০৩৪.৩৭.০০৫.২৩-৪০৩

তারিখ: ২৫ জ্যৈষ্ঠ ১৪৩০
০৮ জুন ২০২৩

বিষয়: আগামী ১২ জুন ২০২৩ তারিখে অনুষ্ঠিতব্য পৌরসভার সাধারণ নির্বাচন উপলক্ষে পর্যবেক্ষক নিয়োগ

- সূত্র: (১) রিটার্নিং অফিসার, আড়াইহাজার এর পত্র নং-১৭.০২.৬৭০২.০০০.৩৮.০৪৫.২৩-১২৮ তারিখ- ০৬.০৬.২০২৩ ইং
(২) জেলা নির্বাচন অফিসার, কক্সবাজার এর পত্র নং-১৭.০৩.২২০০.০০০.৩৮.০২৭.২৩-২৬৭ তারিখ- ০৭.০৬.২০২৩ ইং

উপর্যুক্ত বিষয়ে সূত্রোল্লিখিত পত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, আগামী ১২ জুন ২০২৩ তারিখ সোমবার নারায়ণগঞ্জ জেলার আড়াইহাজার পৌরসভা ও কক্সবাজার জেলার কক্সবাজার পৌরসভার সাধারণ নির্বাচন অনুষ্ঠিত হবে। উক্ত নির্বাচনের ভোটগ্রহণ সুষ্ঠু, অবাধ, শান্তিপূর্ণ ও নিরপেক্ষভাবে অনুষ্ঠানের লক্ষ্যে এবং প্রতিটি ভোটকেন্দ্রের নির্বাচনের পরিস্থিতি নিবিড় ও পুঙ্খানুপুঙ্খভাবে পর্যবেক্ষণের নিমিত্ত ভোটগ্রহণের পূর্ব দিন ও ভোটগ্রহণের দিনের জন্য নির্বাচন পর্যবেক্ষক নিয়োগের সিদ্ধান্ত প্রদান করা হয়েছে :

পৌরসভার নাম	সাধারণ ওয়ার্ড সংখ্যা	পর্যবেক্ষকের সংখ্যা
নারায়ণগঞ্জ জেলার আড়াইহাজার পৌরসভা	০৯টি	০৯ জন
কক্সবাজার জেলার কক্সবাজার পৌরসভা	১২টি	১২ জন

০২। নিয়োজিত পর্যবেক্ষকগণ সংশ্লিষ্ট আঞ্চলিক নির্বাচন কর্মকর্তার তত্ত্বাবধানে দায়িত্বপালন করবেন।

০৩। নির্বাচন কমিশনের পর্যবেক্ষক হিসেবে নিয়োজিত কর্মকর্তাগণ নিম্নরূপভাবে দায়িত্ব পালন করবেন :

- ক. পর্যবেক্ষকগণ যথাসময়ে রিটার্নিং অফিসারের নিকট রিপোর্ট করবেন, ভোটগ্রহণের পূর্বের দিন অর্থাৎ ১১ জুন ২০২৩ তারিখে নির্বাচনি মালামাল ভোটকেন্দ্রে যথাযথভাবে পৌঁছেছে কিনা তার তথ্য সংগ্রহ;
- খ. ভোটগ্রহণের পূর্বের রাতে এবং ভোটগ্রহণের দিন সকাল ৭.৩০মি. ইভিএম মেশিন ও সকল মালামাল যথাযথ নিরাপত্তার সাথে রক্ষিত রয়েছে কিনা সে বিষয় এবং ভোটগ্রহণ শুরুর প্রস্তুতি সম্পর্কেও তথ্য সংগ্রহ;
- গ. সকাল ৮.০০ মি. ভোটগ্রহণ শুরু হয়েছে কি না সে সম্পর্কিত তথ্য সংগ্রহ এবং তারপর হতে প্রতি ২ ঘন্টা পর পর প্রতিবেদন প্রেরণ করবেন। এছাড়াও বিশেষ পরিস্থিতির উদ্ভব হলে তা সাথে সাথে সংশ্লিষ্টদের অবহিতকরণ;
- ঘ. নির্বাচন অনুষ্ঠানে প্রতিবন্ধকতা সৃষ্টি করবে এমন কোন পরিস্থিতির খবর পেলে তাৎক্ষণিকভাবে তা লিখিতভাবে অবহিত করণ; এবং
- ঙ. নির্বাচনি মালামাল এবং ভোটকেন্দ্রসমূহের ফলাফল রিটার্নিং অফিসার/সহকারী রিটার্নিং অফিসারের কার্যালয়ে যথাযথভাবে পৌঁছেছে কিনা তৎসম্পর্কিত তথ্য সংগ্রহ করা।

০৩। পর্যবেক্ষককালে আইনশৃঙ্খলা পরিস্থিতি বা গুরুত্বপূর্ণ/সংবেদনশীল/ভোটগ্রহণ কার্যক্রমকে বাধাগ্রস্ত করে বা নির্বাচনে বল প্রয়োগ, ভীতি প্রদর্শন, ভোটকেন্দ্র অবৈধভাবে দখল, ইভিএম ছিনতাই, জোরপূর্বক ভোটকেন্দ্রে প্রবেশ ইত্যাদি ঘটনা ঘটলে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাগণ তা সাথে সাথে নির্বাচন কমিশন সচিবালয়ের সচিব বা অতিরিক্ত সচিব মহোদয়কে লিখিত বা whatsapp বা মৌখিকভাবে জানাবেন এবং পরবর্তীতে লিখিত প্রতিবেদন প্রদান করবেন।

০৪। পর্যবেক্ষণ সমাপ্ত হলে সংযুক্ত ছকে ২৪(চব্বিশ) ঘন্টার মধ্যে প্রতিবেদন এবং গুরুত্বপূর্ণ ঘটনা ঘটলে তা অতিরিক্ত কাগজে লিপিবদ্ধপূর্বক সচিব, নির্বাচন কমিশন সচিবালয় এবং সংশ্লিষ্ট রিটার্নিং অফিসার-এর নিকট দাখিল করবেন।

০৫। উপর্যুক্ত নির্দেশনা অনুসারে দায়িত্ব পালনের জন্য সূত্রোল্লিখিতপত্রে উল্লিখিত কর্মকর্তাদের নির্দেশনা প্রদানের জন্য আদিষ্ট হয়ে অনুরোধ করা হলো।

সংযুক্তি: পর্যবেক্ষণ প্রতিবেদন ছক

..... কর্মকর্তা

ও

রিটার্নিং অফিসার, পৌরসভা নির্বাচন

(মোঃ আতিয়ার রহমান)

উপসচিব


নির্বাচন পরিচালনা-২ অধিশাখা

ফোন: ৫৫০০৭৫২৫

E-mail: Sasemc1@gmail.com

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১. মহাপরিচালক, জাতীয় পরিচয় নিবন্ধন অনুবিভাগ, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
২. বিভাগীয় কমিশনার, ঢাকা/চট্টগ্রাম
৩. উপ মহাপুলিশ পরিদর্শক, ঢাকা/চট্টগ্রাম রেঞ্জ
৪. প্রকল্প পরিচালক, আইডিইএ প্রকল্প-২, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
৫. সিস্টেম ম্যানেজার, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা [নির্বাচন কমিশন সচিবালয়ের ওয়েব সাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ]
৬. জেলা প্রশাসক, নারায়ণগঞ্জ/কক্সবাজার [পর্যবেক্ষকগণের আবাসন ও যাতায়াতের জন্য যানবাহনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো]
৭. আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা,.....(সংশ্লিষ্ট)
৮. পুলিশ সুপার, নারায়ণগঞ্জ/কক্সবাজার [পর্যবেক্ষকগণের নিরাপত্তার প্রয়োজনীয় ব্যবস্থা করার জন্য অনুরোধ করা হলো]
৯. জেলা নির্বাচন অফিসার,(সংশ্লিষ্ট)
১০. উপজেলা নির্বাহী অফিসার,(সংশ্লিষ্ট)
১১. মাননীয় প্রধান নির্বাচন কমিশনারের একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (মাননীয় প্রধান নির্বাচন কমিশনারের সদয় অবগতির জন্য)
১২. মাননীয় নির্বাচন কমিশনার জনাব,....., এর একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (মাননীয় নির্বাচন কমিশনারের সদয় অবগতির জন্য)
১৩. সচিব মহোদয়ের একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
১৪. সিনিয়র সহকারী সচিব (বাজেট ও অর্থ), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (বিধি মোতাবেক অর্থ বরাদ্দের প্রয়োজন ব্যবস্থা গ্রহণের জন্য)
১৫. উপজেলা নির্বাচন অফিসার,.....(সংশ্লিষ্ট)
১৬. ভারপ্রাপ্ত কর্মকর্তা,.....(সংশ্লিষ্ট) থানা।


(মোহাম্মদ মোরশেদ আলম)
সিনিয়র সহকারী সচিব
নির্বাচন ব্যবস্থাপনা ও সমন্বয়-০১ শাখা
ফোন: ৫৫০০৭৬১০
E-mail: Sasemc1@gmail.com